



## রাজধানীর মোহাম্মদপুরের প্রিপারেটরি স্কুলে পেট্রোল বোমা হামলা



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরের ইকবাল রোডে অবস্থিত একটি প্রিপারেটরি স্কুলের সামনে মঙ্গলবার মধ্যরাতে পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে। ভাগ্যবশত, এতে কেউ আহত হয়নি।

পুলিশ জানায়, চারজন মোটরসাইকেল আরোহী ঘটনাস্থলে পৌঁছে দুইটি পেট্রোল বোমা স্কুলের গেট লক্ষ্য করে ছুঁড়ে পালিয়ে যায়।

সিসি ক্যামেরার ফুটেজে দেখা গেছে, দুইটি মোটরসাইকেল রাতের অন্ধকারে এসে স্কুলের সামনের রাস্তা ঘুরে থামে। চালকেরা হেলমেট পরেছে, অন্য দুজনের মুখে মাস্ক এবং মাথায় ক্যাপ ছিল। এরপর একজন মোটরসাইকেল থেকে নেমে আগুন লাগানো দুটি বোমা স্কুলের গেটের দিকে নিক্ষেপ করে।

মোহাম্মদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাজী রফিক আহমেদ নিশ্চিত করেছেন, স্কুলকে লক্ষ্য করে দুটি পেট্রোল বোমা নিক্ষেপ করা হয়েছে, তবে কোনো হতাহত হয়নি। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়।

LENS ASIA